# ব্যবসায় সমান সুযোগ নিশ্চিতের প্রতিশ্রুতি বিএনপির: আমীর খসরু



সংগৃহীত ছবি

বাংলাদেশে ব্যবসা পরিচালনায় অতিরিক্ত নিয়ন্ত্রণ বড় বাধা হয়ে দাঁড়িয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, বিএনপি ক্ষমতায় এলে ব্যবসায় সকল শ্রেণির মানুষের জন্য সমান অংশগ্রহণ ও ন্যায্য সুযোগ নিশ্চিত করা হবে।

বুধবার ১৪ জানুয়ারি সকালে রাজধানীর আইসিসিবিতে তৈরি পোশাক ও প্যাকেজিং শিল্পের এক প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। আমীর খসরু জানান, উদ্যোক্তাদের আগ্রহ বাড়াতে বাংলাদেশকে ২০৪৭ সালের মধ্যে একটি উন্মুক্ত ও আকর্ষণীয় বিনিয়োগ অঞ্চলে পরিণত করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

ব্যবসাবান্ধব পরিবেশ তৈরির ওপর জোর দিয়ে তিনি বলেন, বাণিজ্য সংগঠনগুলোর সক্ষমতা বাড়ানো জরুরি। একই সঙ্গে অপ্রয়োজনীয় আমলাতান্ত্রিক জটিলতা কমিয়ে অনেক সেবাধর্মী কার্যক্রম সরাসরি এসব সংগঠনের হাতে তুলে দেওয়ার চিন্তাভাবনাও চলছে।

তার মতে, নিয়মকানুনের ভার কমানো গেলে বিনিয়োগের গতি বাড়বে, নতুন উদ্যোক্তা তৈরি হবে এবং সামগ্রিকভাবে দেশের অর্থনীতি আরও শক্ত ভিতের ওপর দাঁড়াবে।

LENS ASIA